ATQ, $\frac{309x}{300} - x = 540 \Rightarrow \frac{9x}{300} = 540 \Rightarrow x = \left(\frac{540 \times 300}{9}\right) = \text{Tk.}18000$

☞ মুখে মুখে : ২/৩ অংশ থেকে ৩০০ টাকার পণ্যের মধ্যে ২০০ টাকায় ৬% লাভে মোট লাভ ১২ টাকা এবং অবশিষ্ট ১০০ টাকায় ক্ষতি ৩টাকা, ∴মোটের উপর ৩০০ টাকায় লাভ ১২-৩ = ৯ টাকা হলে ১০০ টাকা লাভ হবে ৯÷৩ = ৩% । এখন ৩% = ৫৪০ হলে ১% = ১৮০ এবং চালানের মূল্য ১০০% = ১৮০০০ টাকা।

176. A cloth merchant sold half of his cloth at 20% profit, half of the remaining at 20% loss and the rest was sold at the cost price. In the total transaction, his gain or loss will be (একজন কাপড় ব্যবসায়ী অর্ধেক কাপড় ২০% লাভে এবং অবশিষ্টের অর্ধেক ২০% ক্ষতিতে এবং বাকি অংশ ক্রয়মূল্যে বিক্রি করে। এতে তার মোট লাভ বা ক্ষতি কত?) *[Aggarwal-171]*

(a) Neither loss nor gain (b) 5% loss (c) 5% gain (d) 10% gain Ans: c

Solution: Let C.P of whole be x C.P of $\frac{1}{2}$ stock $= \frac{x}{2}$, C.P of $\frac{1}{4}$ stock $= \frac{x}{4}$

Total S.P $= \left[\left(120\% \text{ of } \frac{x}{2}\right) + \left(80\% \text{ of } \frac{x}{4}\right) + \frac{x}{4}\right] = \left(\frac{3x}{5} + \frac{x}{5} + \frac{x}{4}\right) = \frac{21x}{20}$

$\therefore$ Gain $= \left(\frac{21x}{20} - x\right) = \frac{x}{20}$ $\therefore$ Gain% $= \left(\frac{x}{20} \times \frac{1}{x} \times 100\right)\% = 5\%$

☞মুখে মুখে : দুবার অর্ধেক করায়, মোট ৪০০ ধরে, ২০০ এর ২০% = ৪০ এবং ১০০ তে ক্ষতি ২০। পরের ১০০ তে লাভ ক্ষতি কিছু নেই। সুতরাং মোটের উপর ৪০০ তে লাভ ৪০-২০ = ২০। ১০০ তে হবে ৫%

177. In a shop, 80% of the articles are sold at a profit of 10% and the remaining at a loss of 40%. What is the overall profit/loss? (একটি দোকানে ৮০% পণ্য ১০% লাভে বিক্রি করে এবং অবশিষ্ট পণ্য ৪০% ক্ষতিতে বিক্রি করে। এতে তার শতকরা মোট লাভ বা ক্ষতির হার কত?) *[Aggarwal-166]*

(a) 10% profit (b) 10% loss (c) 5%loss (d) No profit no loss Ans: d

Solution: Let, total article = 100

Total profit at 10% profit of 80 = 8, And total loss of rest 20% at 40% loss = 8

So, profit or loss = (8-8) = 0 So, there is **no profit no loss.**

☞ মুখে মুখে : মোট ১০০০ টাকার প্রথম ৮০০ টাকার পণ্যে ১০% হারে ৮০ টাকা লাভ এবং অবশিষ্ট ২০০ টাকার পণ্যে ২০০ এর ৪০% = ৮০ টাকা ক্ষতি। হলে মোটের উপর লাভ বা ক্ষতির পরিমাণ ৮০-৮০ = ০ টাকা। অর্থাৎ কোন লাভ বা ক্ষতি হবে না।

☞Logic clear : প্রতিবার এই ১০০০, ৪০০ ও ৩০০ এই সংখ্যাগুলো কিভাবে আসছে? লক্ষ্য করে দেখবেন, যে % এর হিসাব করার সময় আমরা যাতে মুখে মুখে হিসেব করতে পারি তাই প্রশ্নে প্রদত্ত ক্স এর সাথে সমন্বয় করে ১০০ এর উপর ভিত্তি করে এই সংখ্যাগুলো ধরা হচ্ছে। সবগুলো অংক সমাধান করলেই নিজে থেকে সব বুঝতে ও ধরতে পারবেন।

178. A man bought goods worth Tk.6000 and sold half of them at a gain of 10%. At what gain percent must he sell the remainder so as to get a gain of 25% on the whole? (এক ব্যক্তি ৬,০০০ টাকার পণ্য কিনে এবং তার অর্ধেক ১০% লাভে বিক্রি করে। বাকি অংশ শতকরা কত হার লাভে বিক্রি করলে মোটের উপর ২৫% লাভ হবে?) *[Aggarwal-174]*

(a) 25% (b) 30% (c) 35% (d) 40% Ans: d

Solution:

Let the required gain percent be x%

ATQ, $(110\% \text{ of } 3000) + [(100+x)\% \text{ of } 3000)] = 125\% \text{ of } 6000$

$\Rightarrow \left(\frac{110}{100} \times 3000\right) + \left[\frac{(100+x)}{100} \times 3000\right] = \frac{125}{100} \times 6000$

$\Rightarrow 30(100+x) = 4200 \Rightarrow 100 + x = 140$ $\therefore$ x = 40%

☞ মুখে মুখে ৫ সেকেন্ডে সমাধান: প্রথম অর্ধেক ৩০০০ এ লাভের হারের সাথে মোট লাভের হারের ব্যবধান = ২৫-১০ = ১৫% । সুতরাং ২য় অর্ধেক ৩০০০ এ আগের ২৫% লাভ করতে হবে সাথে প্রথম অংশের ঘাটতি ১৫% অতিরিক্ত সহ মোট ২৫+১৫ = ৪০% লাভ করতে হবে।

Alternative solution:

Total profit = 25% of 6000 = $6000 \times \frac{25}{100} = 1500$, Profit on first 3000 = 10% of 3000 = 300

So, profit on last 3000 = 1500-300 =1200 $\therefore$ Profit % of last 3000 $= \frac{1200 \times 100}{3000} = 40\%$

179. If a shopkeeper sells $\frac{1}{3}$ of his goods at a profit of 14%, $\frac{3}{5}$ of the goods at a profit of 17.5% and the remaining at a profit of 20%, then his profit on the whole is equal to (একজন দোকানদার $\frac{1}{3}$ অংশ পণ্য ১৪% লাভে, $\frac{3}{5}$ অংশ পণ্য ১৭.৫% লাভে এবং অবশিষ্ট পণ্য ২০% লাভে বিক্রি করে। শতকরা মোট কত লাভ হয়?) *[Aggarwal-170]*

(a) 15.5% (b) 16% (c) 16.5% (d) 17% Ans: c

Solution:

Let the C.P of whole be x. Then, C.P. of $\frac{1}{3}$ rd goods $= \frac{x}{3}$. C.P.of $\frac{3}{5}$th goods $= \frac{3x}{5}$

Join Our Group:"BCS and Bank Job Ninja" for More Updates

Remove Watermark
Wondershare PDFelement

Like Our Page:"BCS & Bank Job Ninja" for More Updates



C.P of remainging goods $= \left[x-\left(\frac{x}{3}+\frac{3x}{5}\right)\right]=\frac{x}{15}$

Total S.P $= 114\%$ of $\frac{x}{3}+117\frac{1}{2}\%$ of $\frac{3x}{5}+120\%$ of $\frac{x}{15}=\frac{38x}{100}+\frac{141x}{200}+\frac{8x}{100}=\frac{233x}{200}$

Profit $=\frac{233x}{200}-x=\frac{33x}{200}$ $\therefore$ Profit% $=\left(\frac{33x}{200}\times\frac{1}{x}\times100\right)\%=\frac{33}{2}\%=16.5\%$.

➲**Shortcut:** ৩ ও ৫ এর ল.সা.গু = ১৫ থেকে ১০০ এর গণিতক ১৫০০ টাকাকে মোট ক্রয়মূল্য ধরলে, প্রথম ৫০০ তে লাভ = ৫০০ এর ১৪% = ৭০, ২য় ১৫০০ এর ৩/৫ = ৯০০ তে লাভ = ৯০০ এর ১৭.৫% = ১৫৭.৫ এবং শেষ ১০০ তে ২০ টাকা। মোট লাভ ৭০+১৫৭.৫+২০ = ২৪৭.৫ যা ১৫০০ এর ১৬.৫%।

180. I purchased 120 exercise bookset the rate of Tk. 3 each and sold $\frac{1}{3}$ of them at the rate of Tk. 4 each $\frac{1}{2}$ of them at the rate of Tk. 5 each and the rest at the cost price. My profit percent is? (আমি প্রত্যেকটি ৩ টাকা দরে ১২০ টি অনুশীলনী বই ক্রয় করে এগুলোর $\frac{1}{3}$ অংশ প্রত্যেকটি ৪ টাকা দরে, $\frac{1}{2}$ অংশ প্রত্যেকটি ৫ টাকা দরে এবং বাকী গুলো ক্রয়মূল্যে বিক্রি করি। আমার শতকরা কত লাভ হয়?)*[Aggarwal-168]*

(a) 44% (b) 46 % (c) $44\frac{4}{9}\%$ (d) 45% Ans: c

✍**Solution:** উপরের বিষয়টা ভালোভাবে বুঝলে, একটু লেহুড় লাগিয়ে দিলেও কিন্তু সহজ হয়ে যাবে। নিচের প্রশ্নগুলো দেখুন:

Total C.P = (120 ×3) = Tk. 360 Total S.P = (40 × 4) + (60 × 5) + (20 × 3) = **520**

Profit = (520 - 360) = 160 Profit% $=\left(\frac{160}{360}\times100\right)\%=\frac{400}{9}\%=44\frac{4}{9}\%$

181. A man sells two articles at Tk. 99 each. He gains 10% on one and loses 10% on the other. Then on overall basis he (এক ব্যক্তি দুইটি পণ্যের প্রত্যেকটি ৯৯ টাকা করে বিক্রি করে। একটিতে ১০% লাভ হয় এবং অন্যটিতে ১০% ক্ষতি হয়। এতে মোটের উপর তার কত লাভ বা ক্ষতি হয়?) *[Aggarwal-161]*

(a) gains Tk. 2 (b) neither gains nor loss
(c) loses Tk. 2 (d) loses Tk. 1 Ans: c

✍**Solution:** Total S.P = (2× 99) = 198 .

Let, C.P of first article be x then 110% of x = 99 $\therefore x=\left(\frac{100}{110}\times99\right)=90$

C.P of second article be y then 90% of y = 99 $\therefore y=\left(\frac{100}{90}\times99\right)=110.$

Total C.P = (x+y) = (90+110) = 200 $\therefore$ Overall loss = (200 – 198) = **Tk. 2**

182. Ashok buys a car at 20% discount of the price and sells it at 20% higher price. His percentage gain is (অশোক ২০% ছাড়ে একটি গাড়ি ক্রয় করে লিখিত মূল্যের উপর ২০% লাভে বিক্রি করলে মোটের উপর লাভের হার কত?)*[Aggarwal-53]*

(a) 20% (b) 40% (c) 50% (d) 66% Ans: c

✍**Solution:**
Let the price of the car be 100.
Then, C.P = 80% of 100 = 80 & S.P =120% of 100 = 120
Gain = (120 – 80) = 40 $\therefore$ Gain% $=\left(\frac{40}{80}\times100\right)\%=50\%$

➲**Logic clear:** কেনার সময় লিখিত মূল্য থেকে ২০% ছাড় নেয়, কিন্তু বিক্রি করার সময় সেই লিখিত মূল্যের উপর ২০% লাভ করায় ২ বার লাভ হচ্ছে

183. A fair price shopkeeper takes 10% profit on his goods. He lost 20% goods during theft. His loss percent is (একজন সৎ ব্যবসায়ী তার পণ্যের ১০% লাভ করে। তার ২০% পণ্য চুরি হলো। তার শতকরা ক্ষতির হার কত) *[Aggarwal-126]*

(a) 8 (b) 10 (c) 11 (d) 12 Ans: d

✍**Solution:**
Suppose he has 100 items. Let C.P of each item be 1.
Total cost = 100; Number of items left after theft = 80
Total S.P at 10% profit (1.10× 80) = 88
So, loss = (100-88) = 12 $\therefore$ loss % = 12% (ক্রয়মূল্য ১০০ ধরে হিসেব করলে যা ক্ষতি তাই ই % এ ক্ষতি)

➲**New idea:** হ্রাস-বৃদ্ধির অংকের মতই, ১০% বাড়ার পর ২০% কমলে ১০০ থেকে ১১০ হয়ে তারপর ৮৮ হওয়ায় মোটের উপর ১০০-৮৮ = ১২% ক্ষতি।

184. Rajni purchased a mobile phone and a refrigerator for Tk.12000 and Tk.10000 respectively. She sold the refrigerator at a loss of 12 percent and the mobile phone at a profit of 8 percent. What is her overall loss/profit? (রজনি ১২০০০ টাকা এবং ১০০০০ দিয়ে যথাক্রমে একটি মোবাইল ফোন ও একটি ফ্রিজ ক্রয় করে। সে ফ্রিজটি ১২% ক্ষতিতে এবং মোবাইলটি ৮% লাভে বিক্রয় করলে মোটের উপর কত লাভ/ক্ষতি?) *[Aggarwal-7]*

(a) Loss of Tk. 280 (b) Loss of Tk. 240
(c) Profit of Tk. 2060 (d) Profit of Tk. 2160 Ans: b

✍**Solution:** (আগারওয়ালের মূল বইয়ের সাথে এই সমাধানটা মিলিয়ে নিবেন)
Total profit at 8% profit on Tk. 12000 = 8% of 12000 = 960
Total loss at 12% loss on Tk. 10000 = 12% of 10000 = 1200
Overall loss = Tk.(1200-960) = **Tk. 240**

➲**একটু ভাবুন:** একরম সহজ প্রশ্নে উভয়ের ক্রয়মূল্য বের করে উভয়ের বিক্রয়মূল্য থেকে বিয়োগ করে লাভ বা ক্ষতি বের করে যাওয়ার অর্থ হচ্ছে সহজ রান্না বাদ দিয়ে কয়েকগুণ বেশি রান্না ঘুরে একই গন্তব্যে পৌছানো।

➲**Confusion clear:** এই সমাধানটা খুব দ্রুত উত্তর বের করার জন্য ঠিক আছে। কিন্তু রিটেনে আসলে তো বিস্তারিত লিখতে হবে এটাই ভুল ধারণা, কারণ এখানে যতটুকু লেখা হয়েছে তাতে সবকিছুই সুন্দর বোঝা যাচ্ছে। লিখিতে আসলেই ক্লাস ৫ এর স্টাইলে বাড়িয়ে বাড়িয়ে লিখতে হবে এই ধারণা ঠিক না। মূল বিষয় হচ্ছে প্রশ্নের সমাধানটা পরীক্ষককে ভালোভাবে বোঝানো।

185. Saransh purchased 120 reams of paper at Tk. 80 per ream. He spent Tk. 280 on transportation, paid octroi at the rate of 40 paise per ream and paid Tk.72 to the coolie. If he wants to have a gain of 8%, what must be.the selling price per ream? (সারাশ প্রতি রিম ৮০ টাকা দরে ১২০ রিম কাগজ ক্রয় করল। সে পরিবহন বাবদ ২৮০ টাকা, শুল্কবাবদ প্রতি রিমে ৪০ পয়সা এবং কুলি বাবদ ৭২ টাকা প্রদান করে। ৮% লাভে বিক্রি করতে চাইলে প্রতি রিম কত টাকা করে বিক্রি করতে হবে?) *[Aggarwal-29]*

(a) Tk.86 (b) Tk. 87.48 (c) Tk.89 (d) Tk. 90 Ans: d

✍**Solution:**
Total investment = $(120\times80)+280+(0.40\times120)+72$ = (9600 + 280 + 48 + 72) = 10000
S.P of 120reams at 8% profit = 108% of 10000 = 10800 $\therefore$ S.P of per ream $=\left(\frac{10800}{120}\right)$ =**Tk.90**

Join Our Group:"BCS and Bank Job Ninja" for More Updates

Remove Watermark
Wondershare PDFelement

Like Our Page:"BCS & Bank Job Ninja" for More Updates



186. Jacob bought a scooter for a certain sum of money. He spent 10% of the cost on repairs and sold the scooter for a profit of Tk.1100. How much did he spend on repairs if he made a profit of 20%? (জ্যাকব একটি স্কুটার ক্রয় করে ক্রয়মূল্যের ১০% মেরামত বাবদ ব্যয় করে, স্কুটারটি ১১০০ টাকা লাভে বিক্রি করে। যদি সে ২০% লাভ করে, তাহলে সে মেরামত বাবদ কত টাকা ব্যয় করেছিল ?)*[Aggarwal-31]*

(a) Tk. 400 (b) Tk. 440 (c) Tk. 500 (d) Tk.550 Ans: c

Solution: Let the C.P. be x [এক্ষেত্রে ক্রয়মূল্য + মেরামত খরচ উভয় যুক্ত আছে]

Then, 20% of x = 1100 [শুধু লাভ বলায় ১২০% না লিখে শুধু ২০% ধরবে না] $\therefore x = \left(1100 \times \frac{100}{20}\right) = 5500$

Again, Let, actual price = y (মেরামত করার আগে যে দাম দিয়ে কিনেছিল)

So, 110% of y = 5500 [প্রকৃতমূল্যের ১০০% + মেরামত ১০% = ৫৫০০] $\therefore y = \left(5500 \times \frac{100}{110}\right) = 5000$

$\therefore$ Expenditure on repairs = (5500-5000) = **Tk. 500**

Be careful: প্রশ্নে ২০% = ১১০০ হলে মেরামত খরচ ১০% = ৫৫০ টাকা। এভাবে ভাবলে সিরিয়াসলি ভুল হবে। কারণ শেষের ২০% লাভ হচ্ছে মেরামত খরচ সহ মোট মূল্যের উপর ২০%। কিন্তু শুরুর ১০% হচ্ছে মেরামত খরচ যুক্ত হবার আগের মূল্যের উপর ১০%। এভাবে হাস্যকর অনেক ভুলও পরীক্ষার হলে যৌক্তিক মনে হতে পারে। কারণ অপশনে সেই ভুল উত্তরটিও দেয়া থাকে। তাই শুধু অংকের সমাধান নয়, বরং যুক্তি ক্রিয়ার করে সমাধান শিখুন। আমরা যুক্তি ক্রিয়ারে সচেষ্ট।

187. Raju purchased an item for Tk.8200 and sold it at a pin of 25%. From that amount he purchased another item and sold it at a loss of 20%. What is his overall gain/loss? (রাজু ৮২০০ টাকায় একটি পণ্য ক্রয় করে ২৫% লাভে বিক্রি করল। ১ম বিক্রয়মূল্য থেকে প্রাপ্ত টাকা দিয়ে সে অপর একটি পণ্য ক্রয় করে ২০% ক্ষতিতে বিক্রি করল। মোটের উপর তার কত লাভ/ ক্ষতি হলো?) *[Aggarwal-38]*

(a) Loss of Tk.120 (b) Gain of Tk.120
(c)Loss of Tk. 140 (d) Neither loss nor gain Ans: d

Solution:

Initial investment = 8200

S.P of 1st item = $\left(\frac{125}{100} \times 8200\right) = 10250$

C.P of 2nd item = 10250. & loss = 20%

S.P of 2nd item = $\left(\frac{80}{100} \times 10250\right) = \textbf{Tk.8200}$

Since initial investment = final Selling price, So, there was neither gain nor loss.

Shortcut: এক লাইনে: ৮২০০ এর ১২৫% এর ৮০% = ৮২০০ ই হয়। তাই লাভ ক্ষতি হবে না।

Super Shortcut: (১টা সংখ্যাও না লিখে মুখে মুখে) যে কোন পণ্যে ২৫% লাভ করার পর ২০% ক্ষতি করলে মোটের উপর কোন লাভ বা ক্ষতি হয় না। কারণ ১০০+২৫ = ১২৫। এখন এই ১২৫ এর ২০% = ২৫। অর্থাৎ লাভ = ২৫টাকা আবার ক্ষতিও ২৫ টাকা। এভাবে শতকরার হ্রাসবৃদ্ধির প্রচুর অংক করা হয়েছে। একবার দেখে নিতে পারেন।

188. (W)*A departmental store receives a shipment of 1000 shirts, for which it pays Tk.9000. The store sells the shirts at a price 80% above cost for one month, after which it reduces the price of the shirts to 20% above cost. The store sells 75% of the shirts during the first month and 50% of the remaining shirts afterwards. How much gross income did the sales of the shirts generate?** (একটি ডিপার্টমেন্ট স্টোর ৯০০০ টাকা ব্যয়ে ১০০০ টি শার্ট তৈরীর অর্ডার গ্রহণ করল। ১ম মাসের জন্য ডিপার্টমেন্ট স্টোরটি শার্টের খরচের উপর ৮০% লাভে এবং পরবর্তীতে শার্টের ক্রয়মূল্য খরচের উপর ২০% লাভে নির্ধারণ করল। স্টোরটি প্রথম মাসে ৭৫ শতাংশ এবং অবশিষ্ট শার্টের ৫০ শতাংশ পরবর্তীতে বিক্রয় করল। এই বিক্রয়ে মোটের উপর কত লাভ হল?) *[City Bank (MTO) -2018]+[Aggarwal-169]*

(a) Tk.10000 (b) Tk.10800 (c) Tk.12150 (d) Tk.13500 Ans: d

Solution:

Here, total shirts =1000, C.P of 1000 shirts =Tk. 9000 $\therefore$ C.P of 1 shirt = $\frac{9000}{1000}$ = Tk.9

First month,Selling price of 1 Shirt = 9+ (80% of 9) = $9+\frac{36}{5}$ = Tk. $\frac{81}{5}$

Now, 75% shirt of 1000shirt= $1000 \times \frac{75}{100} = 750$

So, income of first month = $750 \times \frac{81}{5}$ = Tk.12150 (১ মাসের ৭৫০টি শার্টের বিক্রয়মূল্য)

After one month,Price of one shirt = $9+\frac{9}{5}$ =Tk. $\frac{54}{5}$

Remaining shirt=(1000-750) = 250 and 50% of remaining shirt=250 of 50%=125

Selling price of 125 shirt = $125 \times \frac{54}{5}$ =1350 Tk.

Gross income=Income of 1st month +.Income of Remaining month =12150+1350 =**Tk.13500**

Dishonest:

189. A dishonest dealer professes to sell his goods at cost price but uses a weight of 960 gms for a kg, weight. Find his gain percent.(একজন অসৎ ব্যবসায়ী তার জিনিসপত্র কেনা দামে বিক্রি করে কিন্তু তিনি এক কেজির পরিবর্তে ওজনে ৯৬০ গ্রাম দেন। তার শতকরা কত লাভ হয় বের করুন।)*[Aggarwal Exm-18]*

Solution: Gain% = $\left[\frac{\text{Error}}{(\text{True value}) - (\text{Error})} \times 100\right]\% \left(\frac{40}{960} \times 100\right)\% = 4\frac{1}{6}\%$

বুঝে বুঝে: যে ৯৬০ গ্রাম দেয়া সেটার ক্রয়মূল্য ই হচ্ছে তার বিনিয়োগ। কিন্তু ক্রেতাদের কাছে ১০০০ গ্রামের নেয়া টাকার মধ্যে অবশিষ্ট ১০০০-৯৬০ = ৪০ গ্রামের টাকাটা ই তার লাভ। সুতরাং ৯৬০ গ্রামে ৪০ গ্রাম হলে লাভের হার হবে $8\frac{1}{6}\%$

190. A dishonest dealer uses a scale of 90 cm instead of a metre scale and claims to sell at cost price. His profit is(একজন অসৎ ব্যবসায়ী এক মিটার স্কেলের পরিবর্তে ৯০ সে.মি স্কেল ব্যবহার করে এবং দাবী করেন যে তিনি কেনা দামে বিক্রি করেন। তার শতকরা কত লাভ হয়?)*[Aggarwal-112]*

(a) 9% (b) 10% (c) 12% (d) None Ans: d

Solution: আগের অংকের মতই ৯০ সে.মি. এ ১০০-৯০ = ১০ সে.মি. লাভ $\therefore$ Gain% = $\left(\frac{10}{90} \times 100\right)\% = 11\frac{1}{9}\%$

191. A dealer professes to sell his goods at cost price but he uses a false weight of 950 grams for a kilogram. The gain percent of the dealer is (একজন ব্যবসায়ী দাবী করেন যে, তিনি কেনা দামে তার জিনিসপত্র বিক্রি করেন কিন্তু তিনি এক কেজির পরিবর্তে ৯৫০ গ্রামের বাটখারা ব্যবহার করেন। তার শতকরা লাভের পরিমান কত?)*[Aggarwal-113]* **[Hints:** আগের প্রশ্নটির মতই ৯৫০ এ লাভ ৫০]

(a) $4\frac{5}{19}\%$ (b) 5% (c) $5\frac{5}{19}\%$ (d) $19\frac{1}{5}\%$ Ans: c

Join Our Group:"BCS and Bank Job Ninja" for More Updates

Remove Watermark
Wondershare PDFelement

Like Our Page:"BCS & Bank Job Ninja" for More Updates



192. A fruit seller professes to sell his fruits at cost price; but still gains 25% on his outlay. What weight does he substitute for a kilogram?(একজন ফল বিক্রেতা দাবী করেন যে, তিনি কেনা দামে তার ফল বিক্রি করেন কিন্তু তারপরও তিনি তার খরচের উপর ২৫% লাভ করেন। এক কেজির পরিবর্তে তিনি কত গ্রাম ব্যবহার করেন?)*[Aggarwal-114]*

(a) 800 gm (b) 850 gm (c) 890 gm (d) 900 gm Ans: a

Solution:
Let, C.P. of 1000gm is Tk.1000
at 25% profit S.P of 1000gm = 125% of 1000 = Tk.1250
Since he professes o sell his fruit at cost price
So, C.P is Tk.1000 = S.P is also Tk.1000

For, Tk. 1250 need to sell = 1000gm
for, " 1000 " " " $= \frac{1000\times1000}{1250}$ = **800gm.** **Ans: 800gm**

➲৫ সেকেন্ডে: ১২৫% = ১০০০ গ্রাম
∴১০০% = ৮০০ গ্রাম। কারণ সে ১০০০ গ্রাম বিক্রি করে তার যথেষ্ট ক্রয়মূল্যের ১০০%+লাভের ২৫% আছে। এখন লাভের ২৫% বাদ দিলেই ক্রয়মূল্যের ১০০% যেটা দিতে হবে সেটা বের হবে।

193. A shopkeeper cheats to the extent of 10% while buying as well as selling, by using false weights. His total gain is(একজন দোকানদার তার ভুল বাটখারা ব্যবহার ব্যবহারের মাধ্যমে কেনা ও বেচার সময় ১০% প্রতারণা করেন। তার মোট লাভ কত হয়?)*[Aggarwal-116]*

(a) 10% (b) 11% (c) 20% (d) 21% Ans: d

Solution:
দুবার লাভ করার এই অংকগুলো শতকরা বা লাভ ক্ষতির ব্লাস বৃদ্ধির অংকগুলোর মতো। ২বার ১০% করে বৃদ্ধি করলে মোটের উপর যত বাড়ে এখানেও দুবার ১০% করে লাভ করলে মোটের উপর তা ই লাভ হবে।

এখানে, প্রথমবার ১০০টাকা দিয়ে ১০% লাভ অর্থ ১১০ টাকার পণ্য কেনার পর ১১০ টাকার পণ্য বিক্রির সময় আবার সেই ১১০% এর উপর ১০% লাভ করলে এবার লাভ হবে ১১ টাকা। তাহলে মোট লাভ = ১০+১১ = ২১ টাকা বা ২১%

194. A grocer sells rice at a profit of 10% and uses weights which are 20% less than the market weight. The total gain earned by him will be(একজন মুদি বিক্রেতা ১০% লাভে চাল বিক্রি করেন এবং এমন একটি বাটখারা ব্যবহার করেন যা বাজারের বাটখারা থেকে ২০% কম। তিনি সর্বমোট কত লাভ করেন?)*[Aggarwal-118]*

(a) 30% (b) 35% (c) 37.5% (d) None Ans: c

Solution:
Let us consider a packet of rice marked 1 kg.
Its actual weight is 80% of 1000 gm = 800gm
Let, C.P. of each gm be Tk. 1
Then, C.P. of this packet = Tk. 800
S.P. of this packet = 110% of C.P. of 1 kg
$= \left(\frac{110}{100}\times1000\right)$ = Tk.1100 ∴ Gain% = $\left(\frac{300}{800}\times100\right)$% = **37.5%**

➲মুখে মুখে: ধরি,১ কেজির ক্রয়মূল্য ১০০ টাকা এবং ১০% লাভে বিক্রয়মূল্য ১১০ টাকা। এখান মানুষের কাছে ১ কেজি বা ১০০০ গ্রাম বলে ১১০ টাকা নেয়। কিন্তু সে চাল ১০০০ গ্রাম না দিয়ে ২০% কম অর্থাৎ ৮০০ গ্রাম চাল দেয়। যার ক্রয়মূল্য ৮০ টাকা। ৮০ টাকাতে লাভ ৩০ টাকা হলে ১০০ তে ৩৭.৫%

195. A merchant professes to lose 4% on a certain tea but he uses a weight equal to 840g instead of 1 kg. Find his real loss or gain percent.(একজন ব্যবসায়ী নির্দিষ্ট পরিমান চা পাতায় ৪% ক্ষতি দাবী করে কিন্তু তিনি ১ কেজির পরিবর্তে ৮৪০ গ্রামের বাটখারা ব্যবহার করেন। তার প্রকৃত শতকরা ক্ষতি বা লাভের পরিমান বের কর।)*[Aggarwal-120]*

(a) $14\frac{2}{7}$% loss (b) $14\frac{2}{7}$% gain (c) $16\frac{2}{7}$% loss (d) $16\frac{2}{7}$% gain Ans: b

Solution: (এই ধরণের অংকগুলো লিখে লিখে সমাধান করার থেকে উপলব্ধি করার বিষয়টা বেশি জরুরী।)
বাংলাদেশী ক্রেতাদের কাছে ১০০০ গ্রাম বিক্রির কথা বলে ৪% ক্ষতির কথা বলে ৯৬০ গ্রামের টাকা নেয়। কিন্তু সে যে চা পাতা দেয় তাতে ৮৪০ গ্রাম চা পাতা থাকে। অর্থাৎ লাভ করে ৯৬০-৮৪০ = ১২০ গ্রাম। এখানে সে যে ৯৬০ গ্রামের টাকা পেয়েছে তাতে তার বিনিয়োগ হলো, ক্রেতার পাওয়া ৮৪০ গ্রাম কিনতে তার যে খরচ হয়েছে। ∴ লাভের হার = $\left(\frac{120}{840}\times100\right)$% = $14\frac{2}{7}$%

196. A shopkeeper advertises for selling cloth at 4% loss. However, by using a false metre scale he actually gains 20%. What is the actual length of the scale? (একজন বিক্রেতা ৪% ক্ষতিতে কাপড় বিক্রয়ের বিজ্ঞাপন দিয়ে ভুল পরিমাপক স্কেল ব্যবহার করার ২০% লাভ করলেন। ঐ পরিমাপক স্কেলের প্রকৃত দৈর্ঘ্য কত?) *[Aggarwal-121]*

(a) 70 cm (b) 75 cm (c) 80 cm (d) 90 cm Ans: c

Solution: (আগের অংকটাই ঠিক উল্টোভাবে)
৯৬ টাকা পায় ১০০ টাকার পণ্য বিক্রি করে। এখন এই প্রাপ্ত ৯৬ টাকাতেই তার লাভের ২০% টাকাও আছে। তাই আমরা লিখবো ১২০% = ৯৬ সুতরাং ১০০% = ৮০। অর্থাৎ তার ক্রয়মূল্যের সমান দৈর্ঘ্য দিয়ে মেপে সে বাড়তিটা লাভ করে।

197. A shopkeeper advertises for selling cloth at 4% loss. However, by using a false metre scale he actually gains 25%. What is the actual length of the scale? (একজন বিক্রেতা ৪% ক্ষতিতে কাপড় বিক্রয়ের বিজ্ঞাপন দিয়ে ভুল পরিমাপক স্কেল ব্যবহার করার ২৫% লাভ করলেন। ঐ পরিমাপক স্কেলের প্রকৃত দৈর্ঘ্য কত?) *[Aggarwal Exm-19]*

➲মুখে মুখে ১০ সেকেন্ডে: 125% = 96 ∴100% = 76.8

Solution:
Let C.P. of 1m of cloth be Tk. 1.
Professed S.P. of 1 m. cloth = Tk. $\left(\frac{96}{100}\right)$ = Tk. 0.96. Gain = 25%

Actual C.P. of the cloth sold for Tk. 0.96 = Tk. $\left(\frac{100}{125}\times0.96\right)$ = Tk. 0.768

Actual length of the scale = Length bought for Tk. 0.768m ×100 = 76.8 cm. **Ans: 76.8**

198. Instead of a metre scale, a cloth merchant uses a 120 cm scale while buying but uses an 80 cm scale while selling the same cloth. If he offers a discount of 20% on cash payment what is his overall profit percentage? (একজন ব্যবসায়ী ক্রয়ের সময় ১ মিটার স্কেলের পরিবর্তে ১২০ সেন্টিমিটার স্কেল ব্যবহার করেন এবং বিক্রয়ের সময় ৮০ সেন্টিমিটার স্কেল ব্যবহার করেন। যদি তিনি ২০% নগদ ছাড়ের অফার দেন তাহলে সার্বিক লাভের হার কত?) *[Aggarwal-122]*

(a) 15% (b) 20% (c) 2.5% (d) 40% Ans: b

Solution:
ধরি, ব্যবসায়ী ক্রয়ের সময়ে ১০০টাকা বিনিয়োগ করে ১ মিটার জায়গায় ১২০ সে.মি. কাপড় নেয়(অর্থাৎ শুরুতে বিনিয়োগ ১০০) এখন বিক্রি করার সময় সে ৮০সে.মি. দিয়ে ১ মি. বা ১০০ সে.মি. এর ১০০ টাকা নেয়। তাহলে তার কাছে অবশিষ্ট আরো থাকলো, ১২০-৮০ = ৪০ সে.মি. কাপড় সে আবার তা বিক্রি করতে পারবে ৫০টাকা।

তাহলে তার মোট বিক্রয়মূল্য ১০০+৫০ = ১৫০ টাকা। এখন নগদ ক্যাশে এই ১৫০ টাকার কাপড়ে সে ২০% ছাড় দিলে বিক্রয়মূল্য পাবে, ১৫০ এর ৮০% = ১২০ টাকা। যা তার শুরুর বিনিয়োগ ১০০ টাকার থেকে ১২০-১০০ = ২০ টাকা বেশি। অর্থাৎ লাভের হার ২০%।

Join Our Group:"BCS and Bank Job Ninja" for More Updates

Remove Watermark
Wondershare PDFelement

Like Our Page:"BCS & Bank Job Ninja" for More Updates

199. A trader professes to sell his goods at a nominal gain percentage but actually earns $37\frac{1}{2}$% profit by using false weight. If for a kg he uses a weight of 800 gm, what is the nominal gain percentage at which he claims to be sold his goods?(একজন ব্যবসায়ী দাবী করেন যে তিনি তার পণ্য একটি নামমাত্র লাভে বিক্রি করেন কিন্তু তিনি ভুল বাটখারা ব্যবহার করায় প্রকৃতপক্ষে $37\frac{1}{2}$% লাভ করেন। যদি এক কেজির পরিবর্তে তিনি ৮০০ গ্রামের বাটখারা ব্যবহার করেন তবে নামমাত্র শতকরা লাভের পরিমান কত ঘোটাতে তিনি বিক্রির দাবী করেন?)*[Aggarwal-123]*

(a) 8% (b) 10% (c) 15% (d) 20% Ans: b

Solution:
যদি, ১০০০ গ্রামের ক্রয়মূল্য = ১০০ টাকা তাহলে ৮০০ গ্রামের ক্রয়মূল্য = ৮০ টাকা।
এখন, এই ৮০০ গ্রামের পণ্যের ৩৭.৫% লাভে বিক্রয়মূল্য = ৮০ এর ১৩৭.৫% = ১১০ টাকা।
সুতরাং শুরুতে তিনি যে লাভের ঘোষনা দেন, তাতে তার লাভের পরিমাণ ছিল ১১০-১০০ = ১০%।

200. A dry fruit merchant professes to sell 2 kg almond packs at a loss of 20%. However, he uses two false weights each of which is marked 1 kg and thus gains $6\frac{2}{3}$% on selling every 2 kg of almonds. If it is given that one of the weights weighs only 850 gm, then how much does the other weight weigh?(একজন শুকনা ফল বিক্রেতা দাবী করেন যে, তিনি ২ কেজি বাদামের প্যাকেট ২০% ক্ষতিতে বিক্রি করেন। তিনি দুটি ভুল বাটখারা ব্যবহার করেন যার প্রত্যেকটির গায়ে ১ কেজি লেখা এবং এতে তিনি ২ কেজি বাদাম বিক্রি করে $6\frac{2}{3}$% লাভ করেন। যদি একটি বাটখারার ওজন ৮৫০ গ্রাম হয়, তবে অন্য বাটখারাটির ওজন কত?)*[Aggarwal-124]*

(a) 650 gm (b) 700 gm (c) 725 gm (d) 750 gm Ans: a

Solution:
যদি, ১ কেজির ক্রয়মূল্য = ১০০ টাকা সুতরাং ২ কেজি বা ২০০০ গ্রাম বাদামের ক্রয়মূল্য = ২০০ টাকা।
এখন, ২০% ক্ষতিতে বিক্রয়মূল্য ২০০ এর ৮০% = ১৬০ টাকা। (বিক্রি করে দোকানদার এই টাকা পান যাতে $6\frac{2}{3}$% লাভ)
$6\frac{2}{3}$% লাভে বিক্রয়মূল্য ১৬০ টাকা হলে লাভ বাদ দিয়ে ক্রয়মূল্য বের করার জন্য = $106\frac{2}{3}$% = ১৬০ সুতরাং ক্রয়মূল্য ১০০% = ১৫০টাকা। এখন, ১০০ টাকায় কিনেছিল ১০০০ গ্রাম ∴১৫০ টাকায় কিনেছিল = ১৫০০ গ্রাম। (এটাই বিক্রি হবে)
প্রথম বাটখারা দিয়ে ৮৫০ গ্রাম পেলে ২য় বাটখারা দিয়ে যাবে ১৫০০-৮৫০ = ৬৫০।

সমাধান: সমাধানের উল্টা দিক থেকে ভাবুন, ১৫০ টাকা খরচ করে ১৫০০ গ্রাম বাদাম কিনে একটা পাল্লায় ৮৫০ গ্রামকে ১০০০ গ্রাম দেখিয়ে আরেকটিতে ৬৫০গ্রাম দিয়ে ১০০০ গ্রাম দেখিয়ে মানুষের কাছে ২০০০ গ্রাম দেখায় এবং মূল্য বলে ২০০ টাকা, কিন্তু ২০% ছাড় দিয়ে ১৬০ টাকায় যখন বিক্রি করে তখন তার লাভ হয় ১৬০-১৫০ = ১০টাকা। যা ১৫০ এর $6\frac{2}{3}$%

Profit % and loss % are same:
একই নামে দুটি পণ্য বিক্রি করলে একই হারে একটিতে লাভ এবং অন্যটিতে ক্ষতি হলে মোটের উপর সব সময় ক্ষতি হয়।
প্রথম অংকটির বিস্তারিত সমাধান দেখলে বিষয়টা সহজে বুঝতে পারবেন।

Formula: $\text{Loss\%} = \left(\frac{\text{Common Gain and Loss\%}}{10}\right)^2$ %

201. A man sells two articles for Tk. 240 each. On one he gains 20% and on the other he loses 20%. What is the gain or loss percent in the entire transaction (একজন লোক দুইটি পণ্যের প্রত্যেকটি ২৪০ টাকা বিক্রি করে। একটিতে ২০% লাভ করে এবং অন্যটিতে ২০% ক্ষতি করে। এতে শতকরা কত লাভ বা ক্ষতি হয়?) *[Aggarwal-156]*

(a) 1% gain (b) 2% loss (c) 4% gain (d) 4% loss Ans: d

Solution: (বিস্তারিত সমাধানটি শুধুমাত্র বোঝার জন্য এবং লিখিত পরীক্ষায় প্রয়োগ করার জন্য)
Suppose 1st article sold for Tk. 240 at 20% profit and 2nd article sold for Tk. 240 at 20% loss
If C.P. of first article is x, then 120% of x = 240 $\therefore x = 240 \times \frac{100}{120}$ = Tk. 200
If C.P. of 2nd article is y, then 80% of y = 240 $\therefore y = 240 \times \frac{100}{80}$ = Tk. 300
So, total C.P of both articles = 200+300 = Tk. 500 and total S.P. = 240+240 = Tk.480
Overall loss = 500-480 = 20 $\therefore$ loss % $= \left(\frac{20 \times 100}{500}\right)\% = 4\%$

Shortcut for MCQ exams: $\text{Loss\%} = \left(\frac{\text{Common Gain and Loss\%}}{10}\right)^2 \% = \left(\frac{20}{10}\right)^2 = 4\%$
কেন ক্ষতি হয়? কারণ ২০% লাভের পণ্যটির ক্রয়মূল্য ২৪০ এর থেকে কম হওয়া তাতে যে লাভ হয় ২০% ক্ষতির পণ্যটির ক্রয়মূল্য ২৪০ টাকার থেকে বেশি হওয়ায় ক্ষতির পরিমান বেশি।
প্রমাণঃ (ক্ষতি ৩০০ এর ২০% > লাভ ২০০ এর ২০%) = ৬০ > ৪০)

202. A shopkeeper sells two watches for Tk. 308 each. On one he gets 12% profit and on the other 12% loss. His profit or loss in the entire transaction was? (একজন দোকানদার প্রত্যেকটি ৩০৮ টাকা দরে দুটি ঘড়ি বিক্রি করেন। একটিতে তিনি ১২% লাভ ও অন্যটিতে ১২% ক্ষতি করেন। পুরো লেনদেনটিতে তার লাভ বা ক্ষতির পরিমান কত?)*[Aggarwal-157]*

(a) Neither profit, nor loss (b) $1\frac{11}{25}$% loss (c) $1\frac{11}{25}$% profit (d) $3\frac{2}{25}$% loss Ans: b

Solution: $\text{Loss\%} = \left(\frac{\text{Common loss and gain\%}}{10}\right)^2 = \left(\frac{12}{10}\right)^2 \% = \frac{36}{25}\% = 1\frac{11}{25}\%$

[Note: লাভের হার আর ক্ষতির হার সমান দেখে লাভ-ক্ষতি কিছু হবে না বললে ভুল হবে, কারণ উভয় ১২% এক সংখ্যার না]

Join Our Group:"BCS and Bank Job Ninja" for More Updates

Remove Watermark
Wondershare PDFelement

Like Our Page:"BCS & Bank Job Ninja" for More Updates



203. A man sells two flats at the rate of Tk. 1.995 lakhs each. On one he gains 5% and on the other he loss 5%. His gain or loss percent in the whole transaction is? (একজন লোক প্রত্যেকটি ১.৯৯৫ লাভ টাকা দরে দুটি ফ্লাট বিক্রি করেন। একটিতে তিন ৫% লাভ ও অন্যটিতে ৫% ক্ষতি করেন। পুরো লেনদেন টিতে তার শতকরা কত লাভ বা ক্ষতি হয়?)*[Aggarwal-158]*

(a) 0.25% loss (b) 0.25% gain (c) 2.5% loss (d) 25% loss Ans: a

Solution: $\text{Loss\%} = \left(\frac{5}{10}\right)^2 \% = (0.5)^2 \% = \mathbf{0.25\%}$

204. A house and a shop were sold for Tk. 1 lakh each. In this transaction, the house sale resulted into 20% loss whereas the shop sale resulted into 20% profit. The entire transaction resulted in?(একটি বাড়ি ও একটি দোকান প্রত্যেকটি ১ লাখ টাকা করে বিক্রি হয়। এতে, বাড়ি টি বিক্রিতে ২০% ক্ষতি ও দোকানটি বিক্রিতে ২০% লাভ হয়। পুরো লেনদেনটিতে কি ফলাফল হয়?)*[Aggarwal-160]*

(a) no loss, no gain (b) loss of Tk. $\frac{1}{12}$ lakh (c) loss of Tk. $\frac{1}{18}$ lakh (d) gain of $\frac{1}{24}$ lakh Ans: b

Solution: $\text{Loss\%} = \left(\frac{\text{Common Gain and Loss\%}}{10}\right)^2 \% = \left(\frac{20}{10}\right)^2 = \mathbf{4\%}$

Now, if C.P = 100% and loss = 4% then S.P = 100% - 4% = 96%

Here, 96% = (1+1) lakh, $\therefore 1\% = \frac{2}{96}$ lakh So, loss $4\% = \frac{2\times 4}{96} = \mathbf{Tk.\ \frac{1}{12}\ lakh}$

205. A man sells two commodities for Tk. 4000 each, neither losing nor gaining in the deal. If he sold one commodity at a gain of 25%, the other commodity is sold at a loss of: (এক ব্যক্তি দু'টি পণ্যের প্রত্যেকটি ৪,০০০ টাকা করে বিক্রি করায় লাভ বা ক্ষতি কোনটাই হয়নি। একটি পণ্য ২৫% লাভে বিক্রি করলে, অন্যটিতে শতকরা কত ক্ষতি হয়েছে?) *[Meghna bank ltd.(MTO)-2014- (Written)]+[Aggarwal-159]*

(a) $16\frac{2}{3}\%$ (b) $18\frac{2}{9}\%$ (c) 25% (d) None Ans: a

Solution:

Total S.P = (2×4000) = 8000 So, total C.P is also = 8000.

S.P of 1st commodity = 4000 here gain of it = 25%

$\therefore$ if C.P, is x then 125% of x = 4000 $\therefore x = \left(\frac{100}{125}\times 4000\right) = \mathbf{3200}$

So, C.P of 2nd commodity = (8000 – 3200) = 4800 [প্রথমটার দাম ৩২০০ হলে ৮০০০ পূর্ণ করতে ৪৮০০]

S.P of 2nd commodity = 4000 (প্রশ্নে বলা হয়েছিল দুটির বিক্রিমূল্যই ৪০০০ করে।)

$\therefore$ Loss on 2nd commodity =4800-4000 = 800 So, loss $\% = \left(\frac{800}{4800}\times 100\right)\% = \mathbf{16\frac{2}{3}\%}$

Numerical product related:

Basic Idea:-

একজন পাইকারী জিম বিক্রেতার কাছ থেকে প্রতি হালি জিম ৪০ টাকা দরে বিক্রি করে। এরকম ৩ জন ভিন্ন ভিন্ন খুচরা বিক্রেতার নিচের হিসেবগুলো দেখুন। প্রতি হালি জিম ৪৮ টাকা দরে ক্রয় করার পর

	প্রথম খুচরা বিক্রেতা।	২য় খুচরা বিক্রেতা।	৩য় খুচরা বিক্রেতা।
ক্রয়কৃত জিমের সংখ্যা	১টি	১ হালি বা ৪টি টি	১০০ টি
বিক্রয়মূল্য- ক্রয়মূল্য	১২টাকা - ১০ টাকা	৪৮টাকা - ৪০ টাকা	১২০০টাকা - ১০০০ টাকা
মোট লাভ	২ টাকা	৮ টাকা	২০০টাকা
লাভের হার	১০টাকায় ২টাকা অর্থাৎ ২০%	৪০টাকায় ৮টাকা বা ২০%	১০০০টাকায় ২০০টাকা অর্থাৎ ২০%

লাভের হার কম বেশি হওয়ার কারনে লাভের পরিমান কম বেশি হলেও প্রতিবার লাভের হার ২০% সমান।

এখানে প্রতিবার জিমের সংখ্যা কম বেশি হওয়ার কারনে লাভের পরিমান কম বেশি হলেও প্রতিবার লাভের হার ২০% সমান।

অর্থাৎ সংখ্যার অংকে % বের করতে বলা হলে সংখ্যা যতই দেয়া থাক বা যতই বের করতে বলুক, ক্রয় সংখ্যা ও বিক্রয় সংখ্যা ঠিক রেখে যে কোন সংখ্যা ধরে হিসেব করা যায়।

অধিকাংশ ক্ষেত্রে অনেকেই ১টির ক্রয়মূল্য বা বিক্রয়মূল্য ধরে হিসেব করেন, যাতে ভগ্নাংশ আসে তার থেকে ল.সা.গু ধরে হিসেব করা সহজ।

Finding Profit & loss %:

মনে রাখুন:

- সংখ্যাবাচক প্রশ্নগুলোতে ফলের সংখ্যার উপর লাভ-ক্ষতি হিসেব হয় না বরং টাকার উপর হয়।
- ক্রয় সংখ্যা এবং বিক্রয় সংখ্যা সমান না করে লাভ-ক্ষতি হিসেব করা যাবে না।
- একই দামে কম পরিমান কিনে বেশি পরিমান দিতে হলে ক্ষতি এবং বেশি কিনে কম দিতে হলে লাভ হয়।
- লিখিত আকারে সমাধান করতে যে প্রশ্নগুলোতে অনেক বেশি সময় লাগে সেগুলো শর্টকাটে করতে হবে।

কিন্তু প্রথমে নিয়মগুলো বুঝতে হবে। কারণ লিখিত পরীক্ষায় শর্টকার্ট চলবে না।

206. Sam purchased 20 dozens of toys, at the rate of Tk. 375 per dozen. He sold each one of them at the rate of Tk.33. What was his percentage profit?(স্যাম প্রতি ডজন ৩৭৫ টাকা দরে ২০ ডজন খেলনা কিনল। সে প্রতিটি ৩৩ টাকা দরে বিক্রি করেছিল। তার শতকরা কত লাভ হয়েছিল?)*[Aggarwal-12]*

(a) 3.5 (b) 4.5 (c) 5.6 (d) 6.5 Ans: c

Solution: (লাভের % ১টাতে যত, ১২টাতেও তত এবং ২০ ডজনেও একই হবে। তাই যেভাবে সহজ হিসেব করা যাবে)

C.P of 12 toys = Tk. 375 and S.P of 12 toys = 12×33 = 396

Profit = 396-375 = 21 and profit $\% = \left(\frac{21}{375}\times 100\right)\% = \frac{28}{5}\% = \mathbf{5.6\%}$

Alternative solution:C.P of 1 toy $= \left(\frac{375}{12}\right) = 31.25$and S.P of 1 toy = Tk. 33

Profit = 33-31.25 = 1.75 $\therefore$ Profit $\% = \left(\frac{1.75}{31.25}\times 100\right)\% = \frac{28}{5}\% = \mathbf{5.6\%}$

207. The selling price of 30 items is equal to the purchase price of 25 items. What is the profit or loss percent?(৩০ টি পণ্যের বিক্রয়মূল্য ২৫টি পণ্যের ক্রয়মূলের সমান। শতকরা লাভ বা ক্ষতির পরিমান কত?)*[Aggarwal Exm-11]*

Solution: Let, C.P. of each article be Tk. 1

Then, C.P. of 30 items = Tk. 30, and S.P. of 30 items = Tk.25.

So,Loss = 30 - 25 = Tk. 5 $\therefore$ Loss$\% = \left(\frac{5}{30}\times 100\right)\% = 16\frac{2}{3}\%$

Shortcut: এখানে, কম কিনে বেশি দিতে হচ্ছে তাই ক্ষতি। এখন ৩০টিতে ক্ষতি ৫টি ধরে করুন।

Must remember: এরকম প্রশ্নের ক্ষেত্রে বিক্রয়সংখ্যা যে পাশেই দেয়া থাক তাকে ক্রয়মূল্য ধরে হিসেব করতে হবে।

Join Our Group:"BCS and Bank Job Ninja" for More Updates

Remove Watermark
Wondershare PDFelement

Like Our Page:"BCS & Bank Job Ninja" for More Updates



208. If the cost price of 15 books is equal to the selling price of 20 books, the loss percent is(১৫টি বইয়ের ক্রয়মূল্য ২০টি বইয়ের বিক্রয়মূল্যের সমান। শতকরা ক্ষতির হার কত?) *[Aggarwal-60]*

(a) 16 (b) 20 (c) 24 (d) 25 Ans: d

Solution:
Let C.P of each book be 1. Then, C.P of 20 books = 20 and S.P of 20 books = 15

$\text{Loss\%} = \left(\frac{5}{20}\times 100\right) = 25\%$ [➲মুখে মুখে: ২০টিতে ক্ষতি ৫টি সুতরাং ক্ষতির হার = ২৫%]

209. A wholeseller sells 20 pens at the marked price of 16 pens to a retailer. The retailer in turn sells them at the marked price. Determine the gain or loss percent to the retailer. (একজন পাইকারী বিক্রেতা একজন খুচরা বিক্রেতার কাছে ১৬টি কলমের বাজার মূল্যে ২০টি কলম বিক্রয় করে। খুচরা বিক্রেতা সেগুলো বাজার দরে বিক্রি করে দিলে তার লাভ বা ক্ষতির হার বের করুন।) *[Aggarwal-62]*

(a) 20% (b) 23% (c) 25% (d) 30% Ans: c

Solution:
ধরি, প্রতিটি কলমের বাজার মূল্য ১টাকা করে ২০টির বাজার মূল্য ২০টাকা তাহলে ১৬টির বাজার মূল্য = ১৬ টাকা।
এখন খুচরা বিক্রেতা ক্রয় করার সময় ১৬টির বাজারমূল্যের সমান অর্থাৎ ১৬ টাকা দেয় কিন্তু ২০টি নেয়।
আবার বিক্রি করার সময় ২০টির সবগুলো বাজার দরে অর্থাৎ ২০টাকায় বিক্রি করে। তাহলে তার লাভ ২০-১৬ = ৪টাকা।

সুতরাং লাভের হার $= \left(\frac{8}{১৬}\times ১০০\right)\% = ২৫\%$ [**Note:** এখানে খুচরা বিক্রেতার বিনিয়োগ ১৬টাকা।]

210. (W)* A retailer buys 40 pens at the marked price of 36 pens from a wholesaler. If he sells these pens giving a discount of 1% , what is the profit percent?** (একজন খুচরা বিক্রেতা পাইকারী বিক্রেতার কাছ থেকে ৩৬টি কলমের বিক্রয়মূল্য দিয়ে ৪০ টি কলম কিনলেন। তিনি যদি ঐ কলমগুলো ১% ছাড় দিয়ে বিক্রয় করেন তবে তার শতকরা কত লাভ হলো ?)*[Pubali Bank (off)- 2016 – (Written)]+[Aggarwal Exm-33]*

Solution: (আগের অংকটার মতই, শুধু ৩৬টাকায় কিনে ৪০টাকায় বিক্রি করার কথা কিন্তু বিক্রির সময় ১% ছাড় দেয়া হয়েছে)
Let, the marked price of each pen be = Tk.1
Then he buys 40 pens at Tk.36 (Since 40 pens at the marked price of 36 pens) (বাকী ৪টা বোনাস)
So, total cost = Tk.36 and marked price = Tk. 40 (এই ৪০ টাকার উপর ছাড় দিবে।)
After 1% discount on market price 40tk Total selling price = 40-1% of 40 = 40-0.4 = 39.6
So, profit = 39.6-36 = Tk. 3.6 $\therefore \text{Profit \%} = \frac{3.6\times 100}{36} = 10\%$ **Ans:10%**

Shortcut:
Let the marked price of each pen be Tk. 1.
Then, C.P. of 40 pens = Tk.36. & S.P. of 40 pens = 99% of Tk. 40 = Tk.39.60
Profit = (39.6-36) = 3.6 So, profit $\% = \left(\frac{3.60}{36}\times 100\right)\% = 10\%$

211. A farmer bought 749 sheep. He sold 700 of them for the price paid for the 749 sheep. The remaining 49 sheep were sold at the same price per head as the other 700. Based on the cost, the percent gain on the entire transaction is (একজন কৃষক ৭৪৯টি ভেড়া ক্রয় করে। সে ৭৪৯ টি ভেড়ার ক্রয়মূল্যের সমান দামে ৭০০ টি ভেড়া বিক্রয় করে। অবশিষ্ট ৪৯ ভেড়া সে একই দামে বিক্রয় করায় মোটের উপর তার শতকরা কত লাভ হয় ?) *[Aggarwal-63]*

(a) 6.5 (b) 6.75 (c) 7.0 (d) 7.5 Ans: c

Solution:
Let, S.P. of 1 sheep = Tk.1, So, S.P. of 700 Sheep = Tk. 700 and S.P. of 749 sheep = Tk.749
Therefore C.P. of 749 sheep = Tk. 700 [কারণ ৭০০টির বিক্রয়মূল্য ৭০০ টাকাই ৭৪৯ টির ক্রয়মূল্যের সমান]
So, profit in selling 749 sheep =Tk.(749-700) = Tk.49 $\therefore$ profit % $= \left(\frac{49}{700}\times 100\right)\% = 7\%$

ক্রয়মূল্য ধরেও করা যায়।
Let C.P of each sheep. be Tk.1 Then, C.P. of 700 sheep = 700;
and S.P. of 700 sheep = 749 (যেহেতু ৭৪৯টি ক্রয়মূল্য ৭৪৯টাকা) $\therefore \text{Gain\%} = \left(\frac{49}{700}\times 100\right)\% = 7\%$

Concept clear: এখানে ৭৪৯টি অথবা, ৭০০টি অথবা ১টি যার ই মূল্য ধরে হিসেব করুন না কেনো উত্তর মিলে যাবে, তবে যে বিষয়টা নিশ্চিত করতে হবে তা হলো, যতটি ক্রয় করেছে ততটি বিক্রয় করতে হবে। এই বিষয়টা এরকম সব অংকে কাজে লাগবে।

অংকটির ভাষাটা ঘুরিয়ে বলায় জটিল মনে হলেও এভাবে ভাবুন, টাকায় ৭৪৯টি ক্রয় করে টাকায় ৭০০টি বিক্রি করলে শতকরা কত লাভ হবে? তাহলে বলা যেতো, ৭০০টিতে ৪৯টি লাভ সুতরাং লাভের হার ৭% ।

212. If by selling 110 mangoes. the C.P. of 120 mangos is realised, the gain percent is (১২০ টি আমের ক্রয় মূল্য ১১০ টি আমের বিক্রয় মূল্যের সমান। লাভের হার কত?) *[Aggarwal-64]*

(a) $9\frac{1}{11}$ (b) $9\frac{1}{9}$ (c) $10\frac{10}{11}$ (d) $11\frac{1}{9}$ Ans: a

Solution: Let C.P of each mango be 1. C.P of 110 mangoes = 110, S.P of 110 mangoes = 120
$\therefore \text{Gain\%} = \left(\frac{10}{110}\times 100\right)\% = 9\frac{1}{11}\%$ [**Shortcut hints:** ১১০ টিতে লাভ ১২০-১১০ = ১০টি।]

213. 100 oranges are bought at the rate of Tk.350 and sold at the rate of Tk.48 per dozen. The percentage of profit or loss is (৩৫০ টাকায় ১০০ টি কমলালেবু ক্রয় করে প্রতি ডজন ৪৮ টাকা করে বিক্রয় করলে শতকরা লাভ বা ক্ষতির পরিমান কত?) *[Aggarwal-13]*

(a) $14\frac{2}{7}\%$ gain (b) 15% gain (c) $14\frac{2}{7}\%$ loss (d) 15% loss Ans: a

Solution: C.P of 1 orange $= \frac{350}{100} = 3.50$. S.P. of 1 orange $= \frac{48}{12} = 4$ So, gain, = 4-3.5 = 0.5
$\therefore \text{Gain\%} = \left(\frac{0.50}{3.50}\times 100\right)\% = \frac{100}{7}\% = 14\frac{2}{7}\%$

214. A man buys 10 articles for Tk.8 and sells them at the rate of Tk.1.25 per article. His profit is (একজন লোক ৮ টাকায় ১০টি দ্রব্য ক্রয় করে প্রতিটি দ্রব্য ১.২৫ টাকা করে বিক্রি করলে শতকরা কত লাভ হবে?) *[Aggarwal-17]*

(a) $19\frac{1}{2}\%$ (b) 20% (c) 50% (d) $56\frac{1}{4}\%$ Ans: d

Solution:
C.P of 10 articles = 8. S.P of 10 articles = (1.25× 10) = 12.5.
Profit = (12.5 - 8) = 4.50. $\therefore$ Profit $\% = \left(\frac{4.5}{8}\times 100\right)\% = 56\frac{1}{4}\%$

➲**বিকল্প:** ১টির ক্রয়মূল্য ০.৮ এবং বিক্রয়মূল্য ১.২৫ ধরেও করা যায়।

Join Our Group:"BCS and Bank Job Ninja" for More Updates

Remove Watermark
Wondershare PDFelement

Like Our Page:"BCS & Bank Job Ninja" for More Updates



215. On an order of 5 dozen boxes of a consumer product, a retailer receives an extra dozen free. This is equivalent to allowing him a discount of (একজন খুচরা বিক্রেতা ৫ ডজন ভোগ্যপণ্য অর্ডার করে ১ ডজন ভোগ্যপণ্য ফ্রি পান যা কত% ডিসকাউন্ট এর সমান ?)*[Aggarwal-66]*

(a) 15% (b) $16\frac{1}{6}\%$ (c) $16\frac{2}{3}\%$ (d) 20% Ans: c

Solution: (প্রথমে ডজন কে ১২টি দিয়ে গুণ করতে হবে না, কারণ সব হিসেব ডজনের ইউনিট ধরেই করা যাবে)

Clearly,

the retailer gets 1 dozen out of 6 dozens free ∴ Equivalent discount $= \left(\frac{1}{6}\times 100\right)\% = 16\frac{2}{3}\%$

216. A man buys 2 dozen bananas at Tk.16 per dozen. After selling 18 bananas at the rate of Tk. 12 per dozen, the shopkeeper reduced the rate to Tk.4 per dozen. The percent loss is (এক ব্যক্তি প্রতি ডজন ১৬ টাকা দরে ২ ডজন কলা কিনে। প্রতি ডজন ১২ টাকা দরে ১৮টি কলা বিক্রির পর অবশিষ্ট প্রতি ডজন ৪ টাকা করে বিক্রি করে, এতে তার ক্ষতির হার কত?) *[Aggarwal-72]*

(a) 25.2% (b) 32.4% (c) 36.5% (d) 37.5% Ans: d

Solution:

Total C.P = (16× 2) = 32. And Total S.P = (12× 1.5) + (4×0.5) = (18 +2) = 20

Loss amount = 32-20 = 12 ∴ Loss% $= \left(\frac{12}{32}\times 100\right)\% = \mathbf{37.5\%}$

217. Ram bought 1600 eggs at Tk.3.75 a dozen. He sold 900 of them at 2 for Tk.1 and the remaining at 5 for Tk. 2. His percent gain or loss is (রাম প্রতি ডজন ৩.৭৫ টাকা দরে ১৬০০ ডিম কিনে, সে ১ টাকায় ২টি করে ৯০০ ডিম বিক্রি করে এবং অবশিষ্ট ডিম ২ টাকায় ৫টি দরে বিক্রি করে। এতে তার লাভ ক্ষতির হার কত?) *[Aggarwal-75]*

(a) 40% (b) 42% (c) 45% (d) 46% Ans: d

Solution:

C.P of 1600 eggs $= \left(\frac{3.75}{12}\times 1600\right) = 500$. S.P of 1600 eggs $= \left(\frac{1}{2}\times 900\right) + \left(\frac{2}{5}\times 700\right) = 730$.

Gain amount = 730-500 = 230 ∴ Gain% $= \left(\frac{230}{500}\times 100\right)\% = \mathbf{46\%}$

❑By L.C.M

218. A shopkeeper purchases 11 knives at Tk.10 and sells them at the rate of 10 knives for Tk.11. He earns a profit of (একজন দোকানদার ১০ টাকায় ১১টি ছুড়ি কিনে এবং ১১ টাকায় ১০টি ছুরি বিক্রি করে। তার মুনাফার হার কত?) *[Aggarwal-76]*

(a) 11% (b) 15% (c) 20% (d) 21% Ans: d

Solution: (ল.সা.গু ধরে করার সুবিধা হলো, এতে ভগ্নাংশ বা দশমিক না এনে দ্রুত উত্তর বের করা যায়।)

Suppose , number of knives bought = L.C.M of 11 and 10 = 110

C.P of 110 knives $= \left(\frac{10}{11}\times 110\right) = 100$. S.P of 110 knives $= \left(\frac{11}{10}\times 110\right) = 121$

∴ Profit% $= \left(\frac{21}{100}\times 100\right)\% = \mathbf{21\%}$

219. A man bought pencils at the rate of 6 for Tk. 4 and sold them at the rate of 4 for Tk.6. His gain in the transaction is (একজন ব্যক্তি ৪ টাকায় ৬টি পেন্সিল কিনে এবং ৬ টাকায় ৪টি পেন্সিল বিক্রি করে। এতে তার লাভের হার কত?) *[Aggarwal-79]*

(a) 75% (b) 80% (c) 100% (d) 125% Ans: d

Solution: Suppose number of pencils bought = L.C.M of 6 and 4 = 12.

C.P of 12 pencils $= \frac{4}{6}\times 12 = 8$ S.P of 12 pencils $= \frac{6}{4}\times 12 = 18$

∴Amount of gain = 18-8 = 10 So, Gain% $= \left(\frac{10}{8}\times 100\right)\% = \mathbf{125\%}$

220. Oranges are bought at 5 for Tk.10 and sold at 6 for Tk.15. The profit or loss as percentage is (১০ টাকায় ৫টি কমলা কিনে এবং ১৫ টাকায় ৬টি কমলা বিক্রি করলে এতে লাভ বা ক্ষতির শতকরা হার কত?)*[Aggarwal-77]*

(a) 25% (b) 35% (c) 40% (d) 50% Ans: a

Solution: ল.সা.গু ধরে করার নিয়মটা অনেক ভালো। তবে ল.সা.গু ছাড়া করা গেলে করবেন।

Suppose, number of oranges bought = L.C.M of 5 and 6 = 30.

C.P of 30 oranges $= \left(\frac{10}{5}\times 30\right) = 60$. S.P of 30 oranges $= \left(\frac{15}{6}\times 30\right) = 75$

∴ Profit% $= \left(\frac{15}{60}\times 100\right)\% = \mathbf{25\%}$

১টির ক্রয়মূল্য ২ টাকা এবং ১টির বিক্রয়মূল্য ২.৫ টাকা । ২ টাকায় ০.৫ পয়সা লাভ হলে লাভের হার = ২৫%

221. A fruit seller buys lemons at 2 for a taka and sells them at 5 for three Taka. His profit percent is (একজন ফল বিক্রেতা টাকায় ২টি লেবু কিনে ৩ টাকায় ৫টি লেবু বিক্রি করে। তার শতকরা মুনাফার হার কত?) *[Aggarwal-78]*

(a) 10 (b) 15 (c) 20 (d) 25 Ans: c

Solution:

Suppose number of lemons bought = L.C.M of 2and 5 = 10

C.P of 10 lemons= $\frac{1}{2}\times 10 = 5$; S.P of lemons $= \frac{3}{5}\times 10 = 6$ ∴ Profit% $= \left(\frac{1}{5}\times 100\right) = \mathbf{20\%}$

Shortcut: ১টির ক্রয়মূল্য ০.৫ টাকা এবং ১টির বিক্রয়মূল্য ০.৬ টাকা হলে ০.৫ টাকায় লাভ ০.১ টাকা লাভের হার ২০%

222. A vendor bought bananas at 6 for Tk. 10 and sold them at 4 for Tk. 6. Find his gain or loss percent. (একজন বিক্রেতা ১০ টাকায় ৬ টি কলা কিনে এবং ৬টাকায় ৪টি কলা বিক্রি করে। তার শতকরা লাভ বা ক্ষতির পরিমান বের করুন।)*[Aggarwal Exm-13]*

Solution:

Suppose, number of bananas bought = L.C.M. of 6 and 4 = 12 [ল.সা.গু ধরে করলে ভগ্নাংশ আসবে না]

∴ C.P. = Tk. $\left(\frac{10}{6}\times 12\right) =$ Tk. 20; S.P. $= \left(\frac{6}{4}\times 12\right) =$ Tk. 18

∴Loss = 20-18 = Tk. 2, So, Loss % $= \left(\frac{2}{20}\times 100\right)\% = \mathbf{10\%}$

Note: MCQ পরীক্ষায় অবশ্যই ল.সা.গু ধরে করবেন, তাহলে দ্রুত উত্তর বের হবে। যদিও অংকটিতে ১টির ক্রয়মূল্য এবং ১টির বিক্রয়মূল্য হিসেব করেও করা যায় কিন্তু এতে ভগ্নাংশ আসলে সময় বেশি লাগবে।

Join Our Group:"BCS and Bank Job Ninja" for More Updates

Remove Watermark
Wondershare PDFelement

Like Our Page:"BCS & Bank Job Ninja" for More Updates

223. A publisher sells copies of books to a retail dealer at Tk. 5 per copy but allows 25 copies to be counted as 24. If the retailer sells each of the 25 copies at Tk. 6, his profit per cent is (একজন প্রকাশক একজন খুচরা বিক্রেতার কাছে প্রতি কপি বই ৫টাকা দরে বিক্রি করেন, কিন্তু ২৫টি বই দিয়ে ২৪টির মূল্য নেন। খুচরা বিক্রেতা ২৫ কপির প্রতি কপি ৬টাকা হারে সবগুলো বিক্রি করলে লাভের হার) *[Aggarwal-289]*

(a) 20% (b) 24% (c) 25% (d) 40% Ans: c

Solution:

C.P of each copy = 5 C.P of 25 copies = (24 × 5) = 120 [২৪টির দাম দিয়ে ২৫ টি পায়।]

S.P of 25 copies = (25× 6) = 150

Profit amount = (150 – 120) = 30 ∴Profit per cent = $\frac{30}{120}\times 100$ =**25%**

➲**মনে রাখুন:** ২৫ কপি দিয়ে ২৪ কপি ধরা অর্থ যা প্রতি ২৪ কপিতে ১ কপি ফ্রি দেয়া অর্থ তা। আর যেটা কেনার সময় ফ্রি পাওয়া যায় তার ক্রয়মূল্য হিসেব করতে হয় না। কিন্তু বিক্রি করার সময় সবগুলোর বিক্রয়মূল্য হিসেব করতে হবে।

224. A person purchased 10 dozen pens at the rate of Tk.4 per dozen. On checking, he found that 20 pens were not working. In order to earn 25% profit, he should sell the remaining pens each at (প্রতি ডজন ৪ টাকা দরে একজন লোক ১০ ডজন কলম ক্রয় করে। সে লক্ষ্য করল ২০ টি কলম কাজ করছে না। ২৫% লাভ করতে চাইলে অবশিষ্ট প্রতিটি কলম কত দামে বিক্রি করতে হবে?) *[Aggarwal-28]*

(a) 40 paisa (b) 44 paisa (c) 50 paisa (d) 55 paisa Ans: c

Solution:

Total C.P. of 10× 12 = 120 pens = (4×10) = 40; Number of working pens = 120 – 20 = 100.

Total S.P of 100 pens = 125% of 40 = $\left(\frac{125}{100}\times 40\right)$=50 ∴S.P.of each pen = $\left(\frac{50}{100}\right)$ = **50 paisa**

❑Profit or loss is equal to C.P. or S.P. of------:

225. On selling 17 balls at Tk.720, there is a loss equal to the cost price of 5 balls. The cost price of a ball (৭২০ টাকায় ১৭টি বল বিক্রি করায় ৫টি বলের ক্রয়মূল্যের সমান ক্ষতি হয়। প্রতিটি বলের ক্রয়মূল্য কত?) *[Agrani Bank - (SO)-2017] + [Aggarwal-70]*

(a) Tk.45 (b) Tk.50 (c) Tk.55 (d) Tk.60 Ans: d

Solution:

(C.P of 17balls) – (SP of 17balls) = (CP of 5balls) [এভাবে সমান পণ্যের ক্রয়মূল্য - বিক্রয়মূল্য = ক্ষতি]

⇒ CP of 17balls-CP of 5balls = SP of 17balls

⇒ CP of 12balls = 720 Tk. (প্রশ্নে দেয়া আছে) ∴ CP of 1 ball = 720÷12 = Tk. 60

226. A man sold 18 cots for Tk.16,800, gaining thereby the cost price of 3 cots. The cost price of a cot is (এক ব্যক্তি ১৬৮০০ টাকায় ১৮টি দোলনা বিক্রি করে ৩টি দোলনার ক্রয় মূল্যের সমান লাভ করলে। প্রতিটি দোলনার ক্রয়মূল্য কত?) *[Aggarwal-67]*

(a) Tk. 650 (b) Tk. 700 (c) Tk. 750 (d) Tk. 800 Ans: d

Solution:

(S.P of 18 cots) – (C.P of 18 cots) = (C.P . of 3 cots) [যেহেতু লাভ হয়েছে তাই বিক্রয়মূল্য বড়]

⇒ S.P of 18 cots = (C.P of 3 cots)+ (C.P. of 18 cots) [C.P গুলো একপাশে নিয়ে হিসেব]

⇒ 16800 = (C.P of 21 cots) [প্রশ্নের ১৮টির বিক্রয়মূল্য =১৬৮০০] ∴ C.P of 1 cots = $\frac{16800}{21}$ = **800**

227. Mohan bought 20 dining tables for Tk.12000 and sold them at a profit equal to the selling price of 4 dining tables. The selling price of 1 dining table is (মোহন ১২০০০ টাকায় ২০টি ডাইনিং টেবিল ক্রয় করে। তার মোট লাভ ৪টি ডাইনিং টেবিল বিক্রির সমান। প্রতিটি ডাইনিং টেবিলের বিক্রয়মূল্য কত?) *[Aggarwal-68]*

(a) Tk.700 (b) Tk.725 (c) Tk.750 (d) Tk.775 Ans: c

Solution:

(S.P of 20 dining tables) – (C.P. of 20 dining tables) = (S.P. of 4 dining tables)

⇒ S.P of 16 dining tables = C.P of 20 dining tables

⇒ S.P of 16 dining tables = 12000 ∴ S.P of 1 dining table = $\frac{12000}{16}$ = Tk. **750**

228. By selling 100 pencils, a shopkeeper gains the selling price of 20 pencils. His gain percent is (একজন বিক্রেতা ১০০ টি পেন্সিল বিক্রি করে ২০ পেন্সিল বিক্রির সমান লাভ হয়। তার লাভের হার কত?) *[Aggarwal-69]*

(a) 12 (b) 15 (c) 20 (d) 25 Ans: d

Solution:

(S.P of 100 pencils) – (C.P of 100 pencils) = (S.P of 20 pencils) [বিক্রয়মূল্য-ক্রয়মূল্য = লাভ]

⇒ S.P of 80 pencils = C.P of 100 pencils {এখানে ক্রয়মূল্য বা বিক্রয়মূল্য না থাকায় মান বসানো যাচ্ছে না}

(এখান থেকে বলা যায় ৮০টির বিক্রয়মূল্য ১০০টির ক্রয়মূল্যের সমান বা টাকায় ১০০টি কিনে টাকায় ৮০টি বিক্রি)

Let C.P of each pencils =Tk. 1 So, C.P of 80 pencils = Tk.80; and S.P of 80 pencils = 100.

Gain = 100-80 = Tk. 20 ∴ Gain% = $\frac{20}{80}\times 100$ = **25%**

➲**বুঝলে মুখে মুখে সমাধান:** ১০০টি বিক্রি করে ২০টির বিক্রয়মূল্যের সমান লাভ হলে, বাকী ৮০টির বিক্রয়মূল্যই হলো ক্রয়মূল্য। তাহলে প্রতিটির বিক্রয়মূল্যকে ১টা ধরে ৮০টাকায় লাভ ২০টাকা হলে লাভের হার ২৫% হবে।

229. By selling 33 meters of cloth, one gains the selling price of 11 meters. Find the gain percent.(৩৩ মিটার কাপড় বিক্রি করে একজন ১১ মিটার কাপড়ের বিক্রয়মূল্যের সমান লাভ করে। শতকরা লাভের পরিমান বের করুন।)*[Aggarwal Exm-12]*

Solution:

(S.P. of 33 m) – (C.P. of 33 m) = Gain = S.P. of 11 m.

∴ S.P. of 22 m = C.P. of 33 m.

Let, C.P. of each metre be Tk. 1. Then, C.P. of 22 m = Tk. 22 & S.P. of 22 m = Tk. 33.

Gain = 33 – 22 = 11 So, Gain % = $\left(\frac{11}{22}\times 100\right)$**% = 50%**

➲ **মুখে মুখে:** এখানে ৩৩-১১ = ২২ মিটারে লাভ ১১ মিটার বা অর্ধেক লাভ। তাহলে লাভের হার হবে ৫০%।

230. A vendor loses the selling price of 4 oranges on selling 36 oranges. His loss percent is (একজন বিক্রেতা ৩৬টি কমলা বিক্রি করে ৪টি কমলা বিক্রির সমান ক্ষতি করে। শতকরা ক্ষতির হার কত?) *[Aggarwal-71]*

(a) 10% (b) 11% (c) 121% (d) None Ans: a

Solution: (এখানে ক্ষতির কথা বলায় বিক্রয়মূল্যের থেকে ক্রয়মূল্য বেশি হওয়ায় ক্রয়মূল্য আগে লিখতে হবে)

(C.P of 36 oranges) – (S.P of 36 oranges) = (S.P of 4 oranges) [CP-SP = Loss]

⇒ **C.P of 36 oranges = S.P of 40 oranges.** (অর্থাৎ ৩৬টির ক্রয়মূল্য = ৪০টির বিক্রয়মূল্যের সমান)

[একই টাকায় কম কিনে বেশি বিক্রি করলে ক্ষতি হয়।]

Join Our Group:"BCS and Bank Job Ninja" for More Updates

Remove Watermark
Wondershare PDFelement

Like Our Page:"BCS & Bank Job Ninja" for More Updates

Let S.P of each oranges be Tk.1. ∴S.P of 40 oranges = Tk.40 and S.P. of 36 oranges = Tk.36
Therefore C.P of 36 oranges = Tk. 40 (কারণ ৪০টির বিক্রয়মূল্যই ৩৬টির ক্রয়মূল্য)

Loss is selling 36 oranges = Tk.(40-36) = Tk. 4 ∴ Loss% = $\frac{4}{40}\times 100\ \%$= **10%**

➲মুখে মুখে: বোল্ড করা অংশটি থেকে বলা যায়, টাকায় ৩৬টি কিনে টাকায় ৪০টি বিক্রি। অর্থাৎ কম কিনে বেশি বিক্রি করলে ক্ষতি হয়। এবং ক্ষতি সবসময় বিক্রয়সংখ্যার উপর হিসেব হবে। তাই ৪০ এ ক্ষতি ৪০-৩৬ = ৪টি। ১০০ তে ১০%।

❑Finding the numbers of product:
যে কোন সংখ্যা বের করার অংকগুলোতে সবার আগে লাভ বা ক্ষতির হার ধরে টাকার হিসেব আগে করতে হয় তারপর সেই টাকার হিসেব থেকে সংখ্যার হিসেব বের করতে হয়। শুরুতেই সংখ্যা নিয়ে ভাবতে গেলে এলোমেলো হয়ে যেতে পারে।

231. A vendor bought buttons at 6 for a taka. How many for a taka must he sell to gain 20%?(একজন বিক্রেতা টাকায় ৬ টি বোতাম ক্রয় করে। টাকায় কতটি বিক্রি করলে ২০% লাভ হবে?) *[Aggarwal Exm-15]+[Aggarwal-87]*
(a) 3 (b) 4 (c) 5 (d) 6 Ans: c

✍**Solution:**
S.P of 6 buttons at 20% profit = 120% of 1 = Tk. 1.2 [a taka = ১টাকা ভুলে গেলে চলবে না]
For Tk. 1.2 number of buttons = 6 ∴for Tk. 1 number of buttons = 6÷1.2 = **5** **Ans: 5**

232. Reynolds Superink pens are bought at the rate of 8 for Tk. 100. To make a profit of 60 per cent, these must be sold at (১০০ টাকায় ৮টি র‍্যানোল্ড সুপারলিংক কলম ক্রয় করা হল। কত টাকায় বিক্রি করলে ৬০% লাভ হবে?)*[Aggarwal-88]*
(a) 5 for Tk.100 (b) 6 for Tk. 100 (c) 9 for Tk. 200 (d) None Ans: a

✍**Solution:**
C.P of 8 pens = 100. ∴S.P of 8 pens = 160% of 100 = 160 (শুরুতেই ক্রয়মূল্যের সাথে ৬০% লাভ যোগ)
For 160, pens sold = 8. For 100, pens sold = $\left(\frac{8}{160}\times 100\right)$ = **5**

